# দেশকে উপনিবেশ বানানোর চেষ্টা প্রতিহত করবে বিএনপি: রিজভী



বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দেশকে অস্থিতিশীল করার যেকোনো চেষ্টা প্রতিহত করে বিএনপি জনগণের ভোটে নির্বাচিত হয়ে দেশের কল্যাণে কাজ করতে চায় বলে জানিয়েছেন দলটির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

শুক্রবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর বায়তুল মোকাররমে জাতীয়তাবাদী ওলামা দল আয়োজিত প্রতিবাদ সমাবেশে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, বাংলাদেশকে অন্য কোনো দেশের উপনিবেশে পরিণত করার চেষ্টা হলে বিএনপি তা প্রতিরোধ করবে। এ দেশে উপনিবেশবাদী ও ষড়যন্ত্রকারীদের কোনো স্থান হবে না বলেও মন্তব্য করেন তিনি।

জাতিসংঘে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেওয়া বক্তব্যের প্রসঙ্গ তুলে তিনি বলেন, তিন প্রজন্মের প্রতিনিধিত্ব করে প্রধানমন্ত্রী বিশ্বমঞ্চে বাংলাদেশের কথা বলেছেন। মারণাস্ত্রের পরিবর্তে যুক্তি-তর্কের মাধ্যমে বিরোধ নিষ্পত্তি এবং মানবিক বিশ্ব গড়ে তোলার আহ্বান জানিয়েছেন তিনি। একই সঙ্গে রোহিঙ্গাদের নিজ দেশে নিরাপদে ফিরিয়ে নিতে বিশ্বশক্তির প্রতি আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA